



শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ



কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ  
লিমিটেড (সিপিজিসিবিএল)

An Enterprise of Government of  
the People's Republic of  
Bangladesh  
[www.cpgcbl.gov.bd](http://www.cpgcbl.gov.bd)

নিরীক্ষা বিভাগ

ইউনিক হাইটস (লেভেল-১৭), ১১৭, কাজী নজরুল  
ইসলাম এভিনিউ, ইক্সাটন, ঢাকা-১২১৭

নম্বর: ২৭.৩২.০০০০.০১৬.২২.০০১.২০.১৪-৫৩৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৭

৩১ আগস্ট ২০২০

### অফিস আদেশ

সিপিজিসিবিএল স্মারক নং:-২৭.৩২.০০০০.০০৭.২২.১১৭.১৮-৫৪৮; তারিখ ০৫/০৯/২০১৮ মাধ্যমে জারিকৃত “অফিস আদেশ” সংশোধন করতঃ সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরী বিধিমালা-২০১৭ এবং “Internal Audit Manual” এর আলোকে সিপিজিসিবিএল এ নিয়োজিত কর্মকর্তাদের নিজ এবং পরিবারের নির্ভরশীল সদস্যদের (ব্যবস্থাপনা পরিচালক হতে উপ-সহকারী ব্যবস্থাপক/সমপর্যায়) চিকিৎসা ব্যয় প্রতিপূরণের লক্ষ্যে এতদ্বারা নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

- (ক) নির্ধারিত ফরম এ বিল দাখিলঃ সিপিজিসিবিএল এর কর্মকর্তাদের চিকিৎসা ব্যয় পুনঃভরণের লক্ষ্যে প্রস্তুতকৃত Prescribe Form (পরিশিষ্ট-১) অনুযায়ী বিল দাখিল করতে হবে।
- (খ) নির্ভরশীল সদস্যের সংজ্ঞাঃ নির্ভরশীল সদস্য বলতে পরিবারের সদস্যদের বুঝানো হবে। আর পরিবার বলতে কর্মকর্তা নিজে, তাঁর স্ত্রী/স্বামী, নির্ভরশীল সন্তান (অবিবাহিত), নির্ভরশীল বাবা-মা কে বুঝাবে। উল্লেখ্য; স্বামী-স্ত্রী উভয়ই সিপিজিসিবিএল এ কর্মরত থাকলে কেউ কারো উপর নির্ভরশীল দেখাতে পারবে না; তবে উভয়ে নিজ নিজ মা-বাবার বিল পুনঃভরণ করতে পরবেন এবং ঘোষণা মোতাবেক যে কোন একজন কর্মকর্তা নির্ভরশীল সন্তানদের মেডিকেল বিল প্রতিপূরণ করতে পারবেন।
- (গ) নির্ধারিত ফরম এ নির্ভরশীল সদস্যদের নাম ঘোষণাঃ কোম্পানির কর্মকর্তাদের নির্ধারিত ফরম (পরিশিষ্ট-২) অনুযায়ী পরিবারের নির্ভরশীল সদস্যদের নাম ঘোষণা করা এবং নির্ভরশীল সদস্য কোন কারণে পরিবর্তন হলে পরবর্তীতে ঘোষণাসহ পূরণকৃত ফরম সিপিজিসিবিএল এর এইচআরএম এন্ড এডমিন বিভাগে জমা প্রদান করতে হবে এবং হালনাগাদকৃত তালিকা সংশ্লিষ্ট মাসের চিকিৎসা ব্যয় বিলের সাথে দাখিল করতে হবে।
- (ঘ) মূল বিল-ভাউচার, ক্যাশ মেমো ও মানি রিসিট দাখিলঃ চিকিৎসা ব্যয় পুনঃভরণের লক্ষ্যে সহায়ক কাগজপত্রাদি হিসেবে মূল বিল/ভাউচার/ক্যাশ মেমো/মানি রিসিট দাখিল করতে হবে।
- (ঙ) ঔষধ ক্রয় সংক্রান্ত বিধানঃ ঔষধ ক্রয়ের স্বপক্ষে প্রেসক্রিপশন এর ফটোকপি প্রত্যয়ন করে বিলের সাথে দাখিল করতে হবে। তবে প্রেসক্রিপশন এ উল্লিখিত ঔষধের পরিবর্তে অন্য কোন বিকল্প ঔষধ ক্রয় করা হলে তা সংশ্লিষ্ট প্রেসক্রিপশন এ কারণ উল্লেখ পূর্বক প্রত্যয়ন করে দাখিল করতে হবে। উল্লেখ্য, ব্যবস্থাপত্রে যেসব ঔষধ “চলবে” উল্লেখ থাকে সেসব ঔষধ ব্যবস্থাপত্রে উল্লিখিত তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছর পর্যন্ত ক্রয় করা যাবে। পুনঃভরণের লক্ষ্যে দাখিলকৃত সময়ের জন্য প্রযোজ্য ঔষধের বিল দাখিল করা যাবে। দাখিলকৃত সময়ের চেয়ে অধিক সময়ের ঔষধ ক্রয়ের বিল পুনঃভরণযোগ্য হবে না। উল্লেখ্য; ঔষধ ক্রয়ের ক্ষেত্রে কোন বক্স/কোটায় আবক্ষ এমন ঔষধ ক্রয় করা হলে বক্স বা কোটায় ঔষধ এর পরিমাণ দাখিলকৃত ভাউচারে স্পষ্ট করে উল্লেখ থাকতে হবে।
- (চ) হাসপাতাল/ক্লিনিক/প্যাথলজি বিল পুনঃভরণ সংক্রান্ত বিধানঃ হাসপাতাল/ক্লিনিক/প্যাথলজি বিলের ক্ষেত্রে বিলের মূল কপি (Paid লেখা সম্ভিলিত)/ পরিশোধিত বিলের বিপরীতে বিলসহ মানি রিসিট সংযুক্ত করতে হবে। এছাড়া, হাসপাতালে

ভর্তিসহ হাসাপাতাল সংশ্লিষ্ট ব্যয় পুনঃভরণের ক্ষেত্রে ডাক্তারের রেফারেন্স (প্রয়োজ্য ক্ষেত্রে), বিল (খাত ওয়ারি বিস্তারিত বিবরণ), ছাড়পত্র সনদের মূল কপি দাখিল করতে হবে। চিকিৎসকের প্রেসক্রিপশন এ উল্লেখ ব্যতিরেকে কোন টেস্ট/ডায়াগনসিস এর বিল পুনঃভরণযোগ্য হবে না। তবে বিশেষ ক্ষেত্রে জরুরি বিবেচনায় বাস্তবতার নিরীখে পরিচিত ডাক্তারের মৌখিক পরামর্শক্রমে কোন টেস্ট করানোর প্রয়োজন হলে বিল পুনঃভরণের ক্ষেত্রে বিলের মূল কপি (Paid লেখা সম্বলিত)/ পরিশোধিত বিলের বিপরীতে বিলসহ মানি রিসিট, টেস্ট রিপোর্ট এর কপি এবং বিল দাখিলকারী কর্মকর্তা কর্তৃক উপযুক্ত কারণ ব্যাখ্যাপূর্বক [ডাক্তারের নাম, পদবি, কর্মস্থল ও বিএমডিসি রেজিঃ নং (প্রয়োজ্য ক্ষেত্রে)] সহ প্রত্যয়ন করে বিল দাখিল করতে হবে।

(ছ) প্রয়োজ্য ক্ষেত্রে রেভিনিউ স্ট্যাম্প ব্যবহারঃ ঔষধ ক্রয়ের ক্ষেত্রে ফার্মেসী প্রদত্ত বিল/ভাউচার/ক্যাশ মেমো Pre-numbering না হলে স্ট্যাম্প এক্স্ট, ১৮৯৯ অনুযায়ী ৪০০(চারশত) টাকা ও তদুর্ধ বিলের ক্ষেত্রে সরকারী নিয়মানুযায়ী রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করতে হবে। উক্ত আইনে এতদবিষয়ে কোন পরিবর্তন হলে তদনুযায়ী রাজস্ব স্ট্যাম্প ব্যবহার নিশ্চিত করতে হবে।

(জ) ডাক্তারের পরামর্শ ফি পুনঃভরণঃ ডাক্তারের পরামর্শ ফি পরিশোধের স্বপক্ষে Money Receipt দাখিল করতে হবে। অন্যথায় ডাক্তারের প্যাডে স্বাক্ষরিত “রিসিভ” লেখা বিল দাখিল করতে হবে। তবে ডাক্তারের মূল প্রেসক্রিপশনে পরামর্শ ফি লেখা থাকলে এবং পরবর্তীতে ডাক্তারের সাথে সাক্ষাতের সময় মূল প্রেসক্রিপশন আবশ্যিক হলে বিল দাখিল এর সময় প্রেসক্রিপশনের ফটোকপি সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন ও মূল প্রেসক্রিপশন জমা দিতে না পারার কারণ বর্ণনাপূর্বক দাখিল করতে হবে।

(ঝ) তারিখের ক্রমানুযায়ী বিল দাখিলঃ চিকিৎসা ব্যয় প্রতিপূরণ বিলে সহায়ক কাগজপত্রাদি হিসেবে দাখিলকৃত সংযুক্ত বিল/ভাউচার/ প্রেসক্রিপশন প্রত্যয়ন পূর্বক তারিখের ক্রম অনুযায়ী Prescribe Form পূরণ করে দাখিল করতে হবে।

(ঞ) বিল দাখিলের সময়সীমাঃ চিকিৎসা পুনঃভরণ বিল প্রতি ০২(দুই) মাস পর পর তদপরবর্তী মাসের মধ্যে দাখিল করতে হবে। ০২(দুই) মাসের অধিক সময়ের বিল একত্রে দাখিল করা হলে বা ০২(দুই) মাসের বিল তদপরবর্তী মাসের মধ্যে দাখিল করা না হলে উক্ত বিল পুনঃভরণযোগ্য হবে না। তবে ০২(দুই) মাসের কম সময়ের বিল দাখিল করার ক্ষেত্রে যথাযথ কারণ উল্লেখপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্ব অনুমতি নিতে হবে। উল্লেখ্য; “মে” মাসের বিল ১৫জুন তারিখের মধ্যে দাখিল করতে হবে; এক্ষেত্রে পূর্বানুমতি নিতে হবে না।

(ট) জুন মাসের বিল দাখিলঃ অর্থবছরের শেষ মাসের/জুন মাসের বিল সংশ্লিষ্ট অর্থবছরের ব্যয় হিসাবে হিসাবভুক্ত করা এবং হিসাব সংরক্ষণের সুবিধার্থে শুধু জুন মাসের বিল পরবর্তী অর্থবছরের ১৫জুনাই তারিখের মধ্যে দাখিল করতে হবে।

(ঠ) বিদেশে চিকিৎসা ব্যয় পুনঃভরণ সংক্রান্ত বিধানঃ সংশ্লিষ্ট কর্মকর্তার বিদেশে চিকিৎসা ব্যয় বাবদ ব্যয়িত অর্থ পুনঃভরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবশ্যই চিকিৎসার উদ্দেশ্যে বিদেশ গমনের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন এবং চিকিৎসা শেষে বিল দাখিলের সময় চিকিৎসা সংক্রান্ত বিলের সাথে Medical ডিসার কপি দাখিল করতে হবে। এক্ষেত্রে (i) গ্রেড-০৭ বা তদুর্ধ কর্মকর্তাকে বহিঃবাংলাদেশ ছুটি গ্রহণসহ বিদ্যুৎ বিভাগের সরকারি আদেশ (GO) এর মাধ্যমে বিদেশ ভ্রমণ করতে হবে (ii) গ্রেড ০৮ হতে তদনিম্ন পদের কর্মকর্তাদের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনসহ বহিঃ বাংলাদেশ ছুটি নিতে হবে এবং এতদসংশ্লিষ্ট কপি বিলের সাথে দাখিল করতে হবে এবং (iii) নির্ভরশীল সদস্যদের বৈদেশিক চিকিৎসা ব্যয় পুনঃভরণের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কে অবহিতকরণ এবং ভবিতব্য চিকিৎসা ব্যয় পুনঃভরণের পূর্বানুমোদন নিতে হবে। উল্লেখ্য, টাকার বিনিময় হার (Exchange Rate) হিসেবে বিদেশে চিকিৎসা প্রতিশেষের গমনের দিনের অথবা ফেরত আসার দিনের হার প্রযোজ্য হবে।

(ড) চোখের চিকিৎসা ব্যয় পুনঃভরণঃ চোখের চিকিৎসার ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ ফি, চশমার লেন্স/গ্লাস/ফ্রেম, ঔষধ এর পূর্ণ খরচ পুনঃভরণযোগ্য হবে। তবে ফ্রেম ক্রয়ের বিল সংশ্লিষ্ট অর্থবছরে ০২(দুই) বার এর বেশি দাখিল করা যাবে না/পুনঃভরণযোগ্য হবে না।

(ঢ) সংশ্লিষ্ট অর্থবছরে কোন কর্মকর্তা পূর্ণসময় নিয়োজিত না থাকলে পুনঃভরণ এর বিধানঃ চিকিৎসা ব্যয় পুনঃভরণের সীমা অর্থবছর ভিত্তিতে নির্ধারণ করা হয়; সেক্ষেত্রে কোন কর্মকর্তা সংশ্লিষ্ট অর্থবছরে পূর্ণকালীন সময়ে চাকুরীরত না থেকে আংশিক অর্থাৎ সংশ্লিষ্ট অর্থবছরে ১২(বার) মাসের কম সময়ে চাকুরীরত থাকলে চাকুরীকালীন সময় বিবেচনায় প্রাপ্যতা নির্ধারিত হবে। তবে কোন কর্মকর্তার বছরের শুরুতেই তার প্রাপ্যতা সীমার ৫০% এর অধিক/ পুরো অর্থ পুনঃভরণের প্রয়োজন হলে এবং সংশ্লিষ্ট অর্থবছরের চাকুরীকাল বিবেচনায় অতিরিক্ত অর্থ পুনঃভরণ করা হয়ে থাকলে উক্ত অর্থ তার অন্যান্য পাওনা হতে সমন্বয় করা হবে; তবে নতুন কর্মকর্তাদের ক্ষেত্রে “প্রাপ্যতার অতিরিক্ত অর্থ ফেরত প্রদান করা হবে” মর্মে নির্ধারিত ফরমে (পরিশিষ্ট-০৩) একটি অঙ্গীকার নামা প্রদান করতে হবে।

(ণ) দন্ত চিকিৎসা ব্যয় পুনঃভরণঃ দন্ত চিকিৎসার ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ ফি ও অন্যান্য চিকিৎসা খরচ ক্যাশ মেমো/ভাউচার এর মাধ্যমে চিকিৎসা বিবরণ উল্লেখ করে দাখিল করতে হবে। তবে ক্যাশ মেমো/ভাউচার না পাওয়া গেলে তারিখ

অনুযায়ী চিকিৎসার বিস্তারিত বিবরণ সম্বলিত প্রেসক্রিপশনে, ফি/চিকিৎসা বাবদ গৃহীত অর্থের তারিখওয়ারি বিস্তারিত বিবরণ সহ ডাক্তারের সীল (প্রযোজ্য ক্ষেত্রে) ও স্বাক্ষরসমেত দাখিল করতে হবে।

(ত) টেলিমেডিসিন সেবা সংক্রান্ত বিল পুনঃভরণঃ টেলিমেডিসিন সেবা গ্রহণের ক্ষেত্রে পরামর্শ ফি পরিশোধের স্বপক্ষে ডকুমেন্ট হিসেবে বিকাশ/নগদ/রকেট অথবা অন্যকোন গ্রহণযোগ্য তথ্য-প্রযুক্তির সেবা প্রমাণক হিসেবে বিলের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া টেলিমেডিসিন সেবার মাধ্যমে ঔষধ ক্রয় করা হলে ডাক্তারের টেলি-প্রেসক্রিপশনের ফটোকপি (ই-মেইল/অন্য কোন ভার্চুয়াল মাধ্যমে প্রেরিত) সংযুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে কোন প্রেসক্রিপশন সংযুক্ত করা সম্ভব না হলে ঔষধ ক্রয়ের বিলে যথোপযুক্ত কারণ উল্লেখপূর্বক প্রত্যয়ন করে বিল দাখিল করতে হবে।

(থ) কাঁচা ভাউচারে বিল দাখিলঃ কাঁচা ভাউচারে অর্থাৎ ঔষধ বিক্রেতা প্রতিষ্ঠান/ফার্মেসী এর প্যাড ব্যতিত কোন ঔষধের বিল দাখিল করা হলে তা পুনঃভরণযোগ্য হবে না। এছাড়া কম্পিউটারে প্রস্তুতকৃত (Auto generated ব্যতিত) বিল গ্রহণযোগ্য হবে না।

(দ) চিকিৎসার সাথে সম্পর্কিত নয় এমন বিল পুনঃভরণ সংক্রান্ত বিধানঃ চিকিৎসকের ব্যবস্থাপত্রে উল্লেখ থাকলেও পথ্যসামগ্রী, পিপিই, জীবাণুনাশক, মেডিক্যাল ডিভাইস, প্রসাধন সামগ্রী/চুল রংকরণ/সৌন্দর্য বর্ধন/ নিত্য ব্যবহৃত লোশন, সাবান, শ্যাম্পু, টুথপেস্ট, ক্রিম ইত্যাদি এর বিল পুনঃভরণযোগ্য হবে না।

(ধ) রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ গ্রহণঃ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল এর রেজিস্টার্ড চিকিৎসক/বিইউএমএস/বিএইচএমএস/অন্য কোন সমজাতীয় সরকারী দপ্তর কর্তৃক অনুমোদিত চিকিৎসক কর্তৃক প্রদত্ত ব্যবস্থাপত্রের ভিত্তিতে ক্রয়কৃত ঔষধের/ডাক্তারের পরামর্শ ফি/টেস্ট এর বিল পরিশোধযোগ্য হবে।

(ন) পরিবর্তিত পরিস্থিতি ও সময়ের প্রেক্ষাপটে প্রয়োজনে উপরোক্ত প্রতিপালন ইস্যুসমূহ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন এবং উন্নত নৃতন কোন বিষয় স্পষ্টায়ন করার ক্ষমতা সিপিজিসিবিএল এর যথাযথ কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই আদেশ জারি করা হলো।



৩১-৮-২০২০

মোহাম্মদ মতিউর রহমান

উপ-মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)

নম্বর: ২৭.৩২.০০০০.০১৬.২২.০০১.২০.১৪-৫৩৯/১(৩৭)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৭

৩১ আগস্ট ২০২০

অবগতি ও প্রযোজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
- ২) নির্বাহী পরিচালক (অর্থ), অর্থ ও হিসাব বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
- ৩) নির্বাহী পরিচালক (প্রকল্প), প্রকল্প বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
- ৪) সকল কর্মকর্তা/কর্মচারী সিপিজিসিবিএল কর্পোরেট অফিস, ঢাকা/মাতারবাড়ী সাইট অফিস, মহেশখালী, কক্ষবাজার।



৩১-৮-২০২০

মোহাম্মদ মতিউর রহমান

উপ-মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)